

## রাবিতে শিক্ষার্থীকে নির্যাতন, ছাত্রলীগের দুই নেতাকে শোকজ



ছবি: আমাদের সময়

advertisement

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে (রাবি) শিক্ষার্থীকে হুল কক্ষে আটকে রেখে শারীরিক ও মানসিক নির্যাতন এবং শিবির ট্যাগ দিয়ে মেরে ফেলার হুমকি দেওয়ার ঘটনায় অভিযুক্ত দুই ছাত্রলীগ নেতাকে কারণ দর্শানোর নোটিশ (শোকজ) দিয়েছে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ।

গতকাল শনিবার রাতে শাখা ছাত্রলীগের সভাপতি গোলাম কিবরিয়া ও সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ রুণু স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে বিষয়টি জানানো হয়।